

তপশিল-১

[ধারা ২(জ) এবং ১৩ দ্রষ্টব্য]

আনসার ব্যাটালিয়নের পোশাকধারী ও পোশাক বহির্ভূত ব্যাটালিয়ন সদস্যের পদ

(ক) আনসার ব্যাটালিয়নের পোশাকধারী পদসমূহ নিম্নরূপ, যথা:-

- (১) অধিনায়ক;
- (২) উপ-অধিনায়ক;
- (৩) কোম্পানি অধিনায়ক;
- (৪) কোয়ার্টার মাস্টার;
- (৫) অ্যাডজুট্যান্ট;
- (৬) সহকারী কোয়ার্টার মাস্টার;
- (৭) কোম্পানি উপ-অধিনায়ক;
- (৮) সুবেদার;
- (৯) নায়েব সুবেদার;
- (১০) হাবিলদার;
- (১১) নায়েক;
- (১২) ল্যান্স নায়েক;
- (১৩) সিপাহি।

(খ) আনসার ব্যাটালিয়নের পোশাক বহির্ভূত ব্যাটালিয়ন সদস্য পদ [দফা (ক) এ উল্লিখিত পদ ব্যতীত এবং জাতীয় বেতন স্কেলের ১১ হইতে ২০ গ্রেডভুক্ত পদ]

তপশিল-২

[ধারা ২(জ) ও ২৭(১) দ্রষ্টব্য]

পরোয়ানা

যেহেতু..... আনসার ব্যাটালিয়ন সংক্ষিপ্ত
আদালত বা আনসার ব্যাটালিয়ন বিশেষ আদালত..... আনসার
ব্যাটালিয়নের জনাব..... পদ..... স্থায়ী
ঠিকানা বা বর্তমান ঠিকানা..... কারাদণ্ড/যাবজ্জীবন
(যাবজ্জীবন কারাদণ্ড কার্যকর করিবার রায়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করিয়াছেন) প্রদান
করিয়াছেন; এবং

যেহেতু উক্ত জনাব কে কারাদণ্ড ভোগ
করিবার জন্য প্রেরণ করা সমীচীন;

সেহেতু উক্ত জনাব কে উপরিউক্ত
উদ্দেশ্যে আপনার নিকট এতদ্বারা হস্তান্তর করা হইল।

সভাপতি

বিশেষ আনসার ব্যাটালিয়ন আদালত/

সংক্ষিপ্ত আনসার ব্যাটালিয়ন আদালত